

রিপোর্ট ১ অক্টোবর ,২০১৯

প্রকৃতি বিজ্ঞানী গোপালচন্দ্র ভট্টাচার্যের ১২৫তম জন্মবার্ষিকী এবং ২৫তম বিজ্ঞানী গোপালচন্দ্র ভট্টাচার্য বিজ্ঞান মনস্কতা প্রসার কর্মসূচি

বিজ্ঞান দরবার ও পিপলস্ অ্যাসোসিয়েশন ফর সায়েন্স অ্যান্ড এনভায়রনমেন্ট এর উদ্যোগে এবং গোপালচন্দ্র ভট্টাচার্য বিজ্ঞান প্রসার সমিতি,কলকাতা এর সহযোগিতায় ১ অক্টোবর,কাঁচরাপাড়া উদ্বোধনী গার্লস হাই স্কুলে প্রবন্ধ,অংকন, পোস্টার প্রদর্শন,বিজ্ঞান কুইজ,বিতর্ক ও তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। এই বিজ্ঞান প্রসার কর্মসূচিতে কাঁচরাপাড়া, কল্যাণী, মদনপুর, হালিশহর, গয়েশপুর, পলাশি, শালিদহ অঞ্চলের ১৫ টি স্কুলের ১০০ এর বেশি ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করে। প্রবন্ধ প্রতিযোগিতায় (জল ও জলাভূমি সংরক্ষণ) হালিশহর রামপ্রসাদ স্কুলের রিতুশ্রি চক্রবর্তী, অংকন প্রতিযোগিতায় (প্লাস্টিক দূষণ) বেদিভবন রবিতীর্থ বিদ্যালয়ের শুভজিৎ সরকার, তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতায় বেদিভবন রবিতীর্থ বিদ্যালয়ের সুন্দর চট্টোপাধ্যায়, সঞ্চিতা দত্ত, পোস্টার প্রতিযোগিতায় { নদী বা গাছ বনাঞ্চল } এদের বিপর্যয় বাড়ছে, প্রতিকার কিভাবে } সেবন্তী দাস, বিতর্ক প্রতিযোগিতায় মদনপুর কেন্দ্রিয় আদর্শ বালিকা বিদ্যালয়ের সুরশ্রী ভট্টাচার্য, উদ্বোধনী গার্লস হাই স্কুলের প্রিয়া কুন্ডু ও কুইজ প্রতিযোগিতায় কাঁচরাপাড়া মিউনিসিপ্যাল পলিটেকনিক হাই স্কুলের দিপাংসু সাহা, সৌম্যদীপ সরকার ও অলিক দাশগুপ্ত পুরস্কার দেওয়া হয়। অংশগ্রহণকারী সকল ছাত্র-ছাত্রীদের শংসাপত্র দেওয়া হয়। গোপাল চন্দ্রের জীবন ও কর্ম নিয়ে আলোচনা করেন বঙ্গীয় বিজ্ঞান পরিষদের কোষাধ্যক্ষ অধ্যাপিকা সুমিত্রা চৌধুরী। সফল ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেন আয়োজক স্কুলের প্রধান শিক্ষিকা অন্নপূর্ণা সাঁধুখা, অধ্যাপক সিদ্ধার্থ জোয়ারদার, ড. ধুব চক্রবর্তী, অধ্যাপক সব্যসাচী চট্টোপাধ্যায়, সন্মিট সরকার, সন্জিৎ নায়ক, প্রবীর বসু ও জয়দেব দে প্রমুখ। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীরা মতামত রাখেন।